



নথি নং--১৪.৩১.০০০০.০৩১.১৮.০০২.১৭ (পার্ট-১) -২২৭

তারিখঃ চৈত্র ১৪২৭বং
এপ্রিল ২০২১

প্রাপকঃ (জ্যেষ্ঠতাক্রমানুসারে নহে)

- | | |
|--|---|
| ১. পোস্টমাস্টার জেনারেল
মেট্রোপলিটন সার্কেল, ঢাকা-১০০০। | ২. পোস্টমাস্টার জেনারেল
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা-১০০০। |
| ৩. পোস্টমাস্টার জেনারেল
উত্তরাঞ্চল, রাজশাহী-৬০০০। | ৪. পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০। |
| ৫. পোস্টমাস্টার জেনারেল
পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০। | |

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে জরুরী কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতি এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতা মূলক ব্যবস্থা হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা কর্তৃক ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং স্মারকে ঘোষিত ১২/০৪/২০২১ খ্রিঃ তারিখের আদেশ অনুসরণে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬.০০ হতে হতে ২১এপ্রিল ২০২১ মধ্য রাত পর্যন্ত সকল ডাকঘরে ডাকঘর সঞ্চয় ব্যাংক, সঞ্চয় পত্রসহ অন্যান্য সকল আর্থিক লেনদেন বন্ধ থাকবে।

২. চিঠিপত্র ও পার্সেল গ্রহণ, বিতরণ ও পরিবহন সংক্রান্ত কার্যক্রম চালু থাকবে। ই-কমার্স এর মাধ্যমে প্রাপ্ত দ্রব্যাদি গ্রহণ ও বিতরণে সর্বাধিক গুরুত্ব প্রদান করতে হবে।

৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ১২ এপ্রিল, ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং স্মারকে এবং পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত পিএসডি সার্কুলার নং-০৫/২০২১ তারিখঃ ১২এপ্রিল ২০২১ মূলে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস সরকার কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে পরিচালিত হবে।

৪. জরুরী ডাক সেবা প্রদানের জন্য অফিসসমূহ চালু রাখার ক্ষেত্রে অফিসে প্রবেশ কালে এবং কার্যক্রম পরিচালনার সময় কঠোরভাবে স্বাস্থ্য বিধি অনুসরণ করতে হবে। সার্কেল অথবা ইউনিট প্রধানগণ কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষায় পর্যাপ্ত সেনিটাইজেশন সামগ্রী, সাবান, মাস্ক এবং বিশুদ্ধ পানি সরবরাহ করবেন।

৫. জরুরী সেবায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণের নির্বিঘ্নে চলাচল নিশ্চিতের জন্য আইডি কার্ড সরবরাহের ব্যবস্থা করবেন।

৬. করোনা উপসর্গ থাকলে কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসে আসা হতে বিরত রাখতে এবং কোভিড-১৯ টেস্টের মাধ্যমে নিশ্চিত হতে হবে।

৭. পোস্টমাস্টার জেনারেল ও অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেলগণ এর নাম, মোবাইল নম্বর (ব্যক্তিগত), টেলিফোন (অফিস ও বাসা), ইমেইল (ব্যক্তিগত) নিম্ন স্বাক্ষরকারীর বরাবর অনতিবিলম্বে প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।


(মোঃ রিয়াজুল ইসলাম)

অতিরিক্ত মহাপরিচালক (হিসাব ও সংস্থাপন)

ফোন-৯৫৭৭৩০৪

তারিখঃ ৩০/চৈত্র/১৪২৭ বঙ্গাব্দ


১৩/এপ্রিল/২০২১ খ্রিষ্টাব্দ

নথি নং-১৪.৩১.০০০০.০৩১.১৮.০০২.১৭ (পার্ট-১) -২২৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। প্রশাসনিক কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ঢাকা (ডাক অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক এবং পরিচালকগণের এর নাম, মোবাইল নম্বর (ব্যক্তিগত), টেলিফোন (অফিস ও বাসা), ইমেইল (ব্যক্তিগত) এর তথ্য সংগ্রহ পূর্বক অতিরিক্ত মহাপরিচালক (হিঃ ও সঃ) বরাবর প্রেরণ করবেন।

২। অফিস কপি।


প্রশাসনিক কর্মকর্তা
ফোন : ৯৫৫৫৯৭৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ

- সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১


করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

- (ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমুদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- (খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;
- (গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;
- (ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;
- (ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;
- (চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;
- (ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;
- (জ) কীচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;



- (ক) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;
- (খ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;
- (গ) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;
- (ঘ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাঘাট নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং
- (ঙ) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূর্ণ নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২.০৪.২০২৩

(মোঃ রেজাউল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৫১১০৭

ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদস্য অবগতি ও কার্যার্থে

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২। বিভাগীয় কমিশনার (সকল)
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
- ৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ০৫/২০২১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল তফসিলি ব্যাংক
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার

প্রিয় মহোদয়,

COVID-19 উদ্ভূত পরিস্থিতিতে ATM ও MFS সেবা কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মন্ত্রিপরিষদ বিভাগের ১২ এপ্রিল, ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩. ২০.১২০ নং স্মারকে বর্ণিত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনসাধারণের অতি জরুরী প্রয়োজন ও অত্যাৱশ্যকীয় জরুরী পরিষেবা প্রাপ্তির নিমিত্তে দৈনন্দিন নগদ অর্থের সরবরাহ নিশ্চিতকল্পে এটিএম, ইন্টারনেট ব্যাংকিং ও এমএফএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে-

১. সরকার ঘোষিত বিধি নিষেধ চলাকালীন সময়ে সাধারণ জনগণের চাহিদা মোতাবেক নগদ অর্থের সরবরাহ নিশ্চিতকরণের জন্য ATM সমূহ সচল ও তাতে পর্যাপ্ত অর্থ সরবরাহের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে ATM এ টাকা উত্তোলনের ক্ষেত্রে সর্বোচ্চ সীমার ন্যূনতম পরিমাণ হবে ০১ (এক) লক্ষ টাকা। এছাড়া, On-Us এবং Of-Us উভয়ক্ষেত্রে টাকা উত্তোলনের একক লেনদেনের ন্যূনতম পরিমাণ একই হবে।
২. অনুমোদিত এলাকায় অন্যান্য নিত্য প্রয়োজনীয় অত্যাৱশ্যকীয় পণ্য/সেবার সাথে পরিচালিত মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস সরকার কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান ও নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করবে।
৩. অনুমোদিত জরুরী সেবাসমূহ প্রাপ্তির জন্য লেনদেনের মাধ্যম হিসাবে প্রযোজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।
৪. সকল সেবা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে।

এ নির্দেশনা ১৪ এপ্রিল ২০২১ হতে কার্যকর হবে।

(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৩০১৭৪